# বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
# সরেজমিন উইং
# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

---

## নিম্নচাপ ও জলোচ্ছ্বাসের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ভোলা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার জন্য)

**বুলেটিন নং ৯৯**
**প্রকাশের তারিখ: ২৫/০৭/২০২৫**

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের বিশেষ বিজ্ঞপ্তি (২৫.০৭.২০২৫) অনুযায়ী উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি নিম্নচাপে পরিণত হয়েছে এবং এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (২৫ জুলাই ২০২৫) বিকাল নাগাদ পশ্চিমবঙ্গ-বাংলাদেশের উপকূল অতিক্রম করতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা ও সমুদ্রবন্দরসমূহের উপর দিয়ে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এছাড়াও অমাবস্যা ও নিম্নচাপের কারণে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ভোলা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ১-৩ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে। দণ্ডায়মান ফসল ক্ষতির হাত থেকে রক্ষার জন্য নিম্নোক্ত জরুরি কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ দেওয়া হলো:

১। জলোচ্ছ্বাস আসার আগেই দ্রুত পরিপক্ক ফসল সংগ্রহ করুন।
২। দমকা/ঝড়ো হাওয়া থেকে রক্ষার জন্য উদ্যানতাত্বিক ফসল ও সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
৩। জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
৫। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
৬। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন মাছ ভেসে না যায়।
৭। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
৮। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

২৫.০৭.২০২৫
(উর্মী আহসান)
উপপরিচালক
বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা